গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চাটমোহর, পাবনা।

স্মারক নং-০৫.৪৩.৭৬২২.০০০.১৭.০০৭.১৭- ১৮৫ তারিখ ঃ ০১ মার্চ, ২০১৭ খ্রিঃ।

## ওয়াকফ হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি ২য় বার ঃ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চাটমোহর উপজেলাধীন নিম্নতপশীলে বর্ণিত ওয়াকফ হাট-বাজার সমূহ শর্ত সাপেক্ষে ১৪২৪ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্তে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রের সিডিউল নিম্নবর্ণিত দিনপঞ্জিকা মোতাবেক অফিস চলাকালীন সময়ে (সরকারী ছুটির দিন ব্যতিত) নির্ধারিত নগদ মূল্যে (অফেরৎ যোগ্য) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে ক্রয় করা যাবে।

সকল দরপত্র সীলগালাকৃত খামে বর্ণিত তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং একই দিন বিকাল ৩-০০ ঘটিকার সময় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। উল্লেখ্য যে, ২য় বারের টেন্ডারে ইজারা মূল্য সরকারী মুল্যের চেয়ে কম হলে অথবা সিদ্ধান্ত না হলে পর্যায়ক্রমে টেন্ডারের সন্তোষজনক দর না পাওয়া পর্যন্ত দিনপঞ্জিকায় উল্লেখিত তারিখ সমূহে ইজারা কার্যক্রম পরিচালিত হবে। বিস্তারিত তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

### "ক" তফসিল

### ''দরপত্র ক্রয়, দাখিল ও খোলার দিনপঞ্জিকা"

| পর্যায় | দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২য় বার | ০৬/০৩/২০১৭ হতে ২০/০৩/২০১৭ পর্যন্ত বিকাল ৫.০০টা | ২১/০৩/২০১৭খ্রিঃ ৭চৈত্র,১৪২৩বাং সকাল ১০.০০টা থেকে বেলা ১.০০টা পর্যন্ত | ২১/০৩/২০১৭খ্রিঃ ৭চৈত্র,১৪২৩বাং বিকাল ৩.০০টা | ১ম বারের অবশিষ্ট হাট-বাজার। |
| ৩য় বার | ২৭/০৩/২০১৭ হতে ১০/০৪/২০১৭ পর্যন্ত বিকাল ৫.০০টা | ১১/০৪/২০১৭খ্রিঃ ২৮চৈত্র,১৪২৩বাং সকাল ১০.০০টা থেকে বেলা ১.০০টা পর্যন্ত | ১১/০৪/২০১৭খ্রিঃ ২৮চৈত্র,১৪২৩বাং বিকাল ৩.০০টা | ২য় বারের অবশিষ্ট হাট-বাজার। |

### "খ" তফসিল

### ঃ হাট- বাজারের তফসিলঃ

| ক্রঃ নং | হাট- বাজারের নাম | সরকারী মূল্য | সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | কামালপুর ওয়াকফ হাট | ৪০,১৬৯/- | ৫০০/- | |

### হাট-বাজার ইজারার শর্তাবলী

১। বাংলা ১৪২৪ সালের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উলিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, চাটমোহর, পাবনা এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারী বরাবর প্রত্যার্পণ করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর (কোড নং-১-১১৪১-০০৬০-০১১১) এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) (কোড নং-১-১১৩৩-০০২০-০৩১১) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ৩ (তিন) বৎসরের গড় ইজারা মূল্য (সরকারী মূল্য) হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে। ২য় বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী তিন বৎসরের গড় ইজারা মূল্য হতে কম হয় তাহলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

৫। এক হাট/বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট/বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রি করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল রেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে হাট-বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে প্রচার করবেন।

৮। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২/৩/১৭

( শেহেলী লায়লা)
উপজেলা নির্বাহী অফিসার
চাটমোহর, পাবনা।

স্মারক নং-০৫.৪৩.৭৬২২.০০০.১৭.০০৭.১৭-১৭৫ তারিখ ঃ ০২ মার্চ , ২০১৭ খ্রিঃ।

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ</u>

০১। জেলা প্রশাসক, পাবনা।

০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা।

০৩। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, চাটমোহর, পাবনা।

<u>অবগর্তি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো ঃ</u>

০৪। উপজেলা নির্বাহী অফিসার ...........................................(সকল), পাবনা।

০৫। মেয়র, চাটমোহর পৌরসভা, চাটমোহর, পাবনা।

০৬। উপজেলা .................................................কর্মকর্তা (সকল), চাটমোহর, পাবনা।

০৭। চেয়ারম্যান, .............................................(সকল) ইউনিয়ন পরিষদ, চাটমোহর, পাবনা। বিজ্ঞপ্তিটি ঢোলশহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো ।

০৮। ম্যানেজার, সোনালী/জনতা/অগ্রণী/রাকাব .....................................................শাখা, চাটমোহর, পাবনা।

০৯। অফিসার-ইন-চার্জ, চাটমোহর থানা, চাটমোহর, পাবনা।

১০। পোষ্ট মাষ্টার, চাটমোহর পোষ্ট অফিস, চাটমোহর, পাবনা।

১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, .................................ইউনিয়ন ভূমি অফিস (সকল), চাটমোহর, পাবনা। বিজ্ঞপ্তিটি ঢোলশহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য বলা হলো ।

১২। ষ্টেশন মাস্টার, চাটমোহর/গুয়াখড়া/গফুরাবাদ রেল স্টেশন, চাটমোহর, পাবনা।

১৩। জনাব .......................................................................................................

২/৩/১৭

( শেহেলী লায়লা)
উপজেলা নির্বাহী অফিসার
চাটমোহর,পাবনা।